



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/11/2022

গভর্নর ক্যাথি হোকল

গোস্ট গান নিরসনে রাষ্ট্রপতি বাইডেনের নিয়মের সমর্থনে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"আজকে রাষ্ট্রপতি বাইডেন এবং জাস্টিস ডিপার্টমেন্ট (Department of Justice) গোস্ট গান নিরসনে অতিরিক্ত পদক্ষেপ নেওয়ার ঘোষণা করলেন, যার মধ্যে আছে অন্যান্য আগ্নেয়াস্ত্র যেই ফেডারেল আইনের অধীনস্থ হয়, "কিনুন, বানান, গুলি করুন" কিটকে একই আইনের অধীনস্থ করা। আমাদের সম্প্রদায়সমূহের নিরাপত্তা ঝুঁকিগ্রস্ত করা এই ফাঁকির উপায় বন্ধ করার জন্য আমি রাষ্ট্রপতি বাইডেনের প্রশংসা করছি এবং আমি তার চলমান অংশীদারিত্বের জন্য রাষ্ট্রপতিকে ধন্যবাদ জানাতে চাই। পদ্ধতি পাশ কাটিয়ে গিয়ে মারাত্মক অস্ত্র পাওয়ার সুযোগ কারো থাকা উচিত না, বিশেষ করে এমন সুযোগ যা বানাতে মাত্র 30 মিনিট সময় লাগে এবং যার পার্টসের মূল্য 100 মার্কিন ডলারের কম। মাত্র গত সপ্তাহেই সাউথ ব্রঙ্কসে একজন স্কুল থেকে বাড়ি ফেরার সময় তিনজন কিশোরকে গুলি করা হয়েছে এবং একজন মারা গেছে, পুলিশের বিশ্বাস এই কাজ করা হয়েছে একটি গোস্ট গান দিয়ে।

"আমরা আমাদের স্টেটজুড়ে মারাত্মক গুলির ঘটনায় গোস্ট গানের ব্যবহারে উল্লেখযোগ্য বৃদ্ধি দেখছি। সেজন্য, অক্টোবর মাসে আমি গোস্ট গান বিক্রয়কে [অপরাধ গণ্য করার](#) পদক্ষেপ নেই এবং বন্দুক তৈরিকারীদের জন্য তারা অ্যাসেসম্বল করে এমন আগ্নেয়াস্ত্র নিবন্ধন করা আবশ্যিক করি। এছাড়াও আমি একটি দেশের নেতৃস্থানীয় অবৈধ বন্দুকের ইন্টারস্টেট টাস্ক ফোর্স (Interstate Task Force on Illegal Guns) স্থাপন করি, যা দশটি স্টেট, ফেডারেল এজেন্সিসমূহ, এবং স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিসমূহকে একত্রিত করে। টাস্ক ফোর্সটি [অবিলম্বে প্রভাব রাখতে সক্ষম হয়েছে](#), প্রতি মাসে গোস্ট গানসহ শত শত বন্দুক রাস্তা থেকে সরিয়ে ফেলছে।

"আমরা বন্দুক সহিংসতাকে জনস্বাস্থ্য ও নিরাপত্তা সঙ্কট হিসেবে গণ্য করছি যা সত্য, এবং আমাদের [অর্থবছর 2023](#) এর বাজেটে ঐতিহাসিক 227 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছি বন্দুক সহিংসতা প্রতিরোধ কর্মসূচিসমূহের জন্য যার উদ্দেশ্য হবে এই মহামারীকে গোড়া থেকে উপরে ফেলা। আমি প্রতিজ্ঞা করছি যে আমরা স্থানীয়, স্টেট এবং ফেডারেল পর্যায়ে আমাদের অংশীদারদের সাথে কাজ করা অব্যাহত রাখবো যাতে বিপজ্জনক অস্ত্র বিতরণ ও মালিকানা

নিরসন করতে পারি এবং আমাদের রাস্তা থেকে বন্দুক অপসারণ করে জীবন রক্ষা করতে পারি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418